



নং- রেজি/শিক্ষা-৩/২০২৬/

তারিখ:

১০/১১/১৪৩২ বঙ্গাব্দ

২৪/০২/২০২৬ খ্রিস্টাব্দ

০১. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
০২. চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
০৩. পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

বিষয়: কেন্দ্রীয়ভাবে প্রণীত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষের একাডেমিক ক্যালেন্ডার প্রসঙ্গে।

মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন কমিটির সভায় বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয়ভাবে আভ্যন্তরীণভাবে প্রোথ্রামের ১ম বর্ষের (২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ) একাডেমিক ক্যালেন্ডার (সেমিস্টার/বার্ষিক পদ্ধতি) প্রণয়ন করা হয়েছে। সকল বিভাগ ও ইনস্টিটিউট-কে অবশ্যই কেন্দ্রীয়ভাবে প্রণীত একাডেমিক ক্যালেন্ডার (১ম বর্ষ) অনুসরণ করতে হবে (কপি সংযুক্ত)। এছাড়াও পূর্বের সিদ্ধান্ত অনুযায়ী সেশনজট নিরসন ও একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে Loss Recovery Plan অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের আভ্যন্তরীণভাবে প্রোথ্রামের সেমিস্টার পদ্ধতিতে ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম মোট ৬টি সেমিস্টার প্রতিটি ৬ মাসের পরিবর্তে ৫ মাস করে এবং বার্ষিক পদ্ধতিতে ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ প্রতিটি বর্ষ ১২ মাসের পরিবর্তে ১০ মাস করার সুপারিশ করা হয়। সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/ইনস্টিটিউট উক্ত সেমিস্টার/বর্ষগুলোর বর্তমান অবস্থা বিবেচনা করে একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করবে। সে অনুযায়ী প্রতিটি বিভাগ/ইনস্টিটিউটের সিলেবাস Revise করে প্রতিটি সেমিস্টার ৫মাস উপযোগী এবং প্রতিটি বর্ষ ১০মাস উপযোগী করবে।

(খ) গ্রীষ্মকালীন ছুটি জুন ১-২১, ২০২৬ তারিখ অপরিবর্তিত থাকবে। তবে একাডেমিক ক্যালেন্ডার প্রণয়নের স্বার্থে শুধুমাত্র জুন ২১, ২০২৬ তারিখ ১দিন সেমিস্টার (১টি ইন-কোর্স) পদ্ধতিতে ইন-কোর্স পরীক্ষা গ্রহণ করা যাবে।

(গ) শীতকালীন ছুটি ডিসেম্বর ১০ - ২৭, ২০২৬ তারিখ নির্ধারণ করা হয়।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আদিষ্ট হয়ে আপনাকে সবিনয় অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,
স্বাক্ষরিত-
(মুনসী শামস উদ্দিন আহম্মদ)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজি/শিক্ষা-৩/৫৮৬-২৬ - ২৫

তারিখ:

১০/১১/১৪৩২ বঙ্গাব্দ

২৪/০২/২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নিম্নোক্তদের নিকট প্রতিলিপি প্রেরিত হলো:

০১. পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ✓ ০২. পরিচালক, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়। [ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য]
০৩. ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩), ঢাকা বিশ্ববিদ্যালয় [পরবর্তী ক্যালেন্ডারে শীতকালীন ছুটি অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণের জন্য]

(রাজিব মাহমুদ সামিম পারভেজ)